

পত্র নং- ৫৮.০৪.৬১০০.০৯৫.০৫.০৩৪.২০২৩- ০৫৫৫।০৫

তারিখ : ২৯-১০-২০২৩খ্রিঃ।

গাছ বিক্রয়ের কোটেশন দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০৩২.০৬.০০১.২০২৩-৫৪৮ তারিখ : ০৫-১০-২০২৩খ্রিঃ এর নির্দেশ মোতাবেক ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার এর কারা এলাকায় ঝড়ে পড়া, মরা ও হেলে পড়া বিভিন্ন প্রজাতির ৬১টি বিভিন্ন প্রজাতির ছোট বড় যেমন- রেইন্ড্রি গাছ- ১৬টি, মিনজিরি গাছ- ২২টি, মেহগনি গাছ- ১৪টি, আকাশমনি গাছ- ০১টি, অর্জুন গাছ- ০১টি, কাঁঠাল গাছ- ০১টি, আম গাছ- ০২টি, বট গাছ- ০১টি ও নারিকেল- ০৩টি (কাঠের পরিমাণ ৪৬২.৬৪ ঘঃ ফুঃ এবং জ্বালানী কাঠের পরিমাণ ২৯৫.০০ ঘঃ ফুঃ) বিক্রয়ের জন্য আগামী ১৪-১১-২০২৩খ্রিঃ তারিখ কোটেশন দরপত্র আহবান করা হয়েছে। অত্র দপ্তর হতে ১৩-১১-২০২৩খ্রিঃ তারিখ বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত সিডিউল সংগ্রহ করতে পারবেন। ১৪-১১-২০২৩খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত কারাগারের প্রধান কারা ফটকে রক্ষিত বাক্সে কোটেশন দরপত্র জমা দিতে পারবে এবং উক্ত তারিখে উন্মুক্ত (১২.৩০ ঘটিকা) ও মূল্যায়ন (১.০০ ঘটিকা) সভা অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :-

- কোটেশন দরপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে :
 - ক। হাল নাগাদ ট্রেড লাইসেন্সের কপি।
 - খ। হাল নাগাদ আয়কর সনদের কপি।
 - গ। ভ্যাট রেজিস্ট্রেশন সনদের কপি।
 - ঘ। হাল নাগাদ ব্যাংক স্বচ্ছলতা সনদের কপি।
 - ঙ। দরপত্র জামানতের (Tender Security) টাকা ৫,০০০/- ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি (ফেরতযোগ্য)।
 - চ। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়াছবি।
 - ছ। স্থায়ী স্বাক্ষরযুক্ত ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক ১ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
- সর্বোচ্চ দরদাতাকে দরপত্র সভায় সমুদয় টাকা পরিশোধ করতে হবে।
- দরপত্র অনুমোদনের পর সর্বোচ্চ দরদাতাকে (সমুদয় টাকা অত্র দপ্তরে জমা করে) কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে সুবিধাজনক সময়ে গাছগুলো সরিয়ে নিতে হবে।
- গৃহিত মূল্যের উপর সরকারের সর্বশেষ সার্কুলার মোতাবেক আয়কর/ভ্যাট জমা দিতে হবে।
- দরপত্র সংক্রান্ত অন্যান্য শর্তাবলী জানার এবং গাছ পরিদর্শনের জন্য আগামী ১৩-১১-২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কোটেশন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/১০/২৩
(জাহানারা বেগম)

বিজে- ০১৭৯১০০০৪৯৩

সিনিয়র জেল সুপার (চঃদাঃ)

ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার।

srjailsupermymensing@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। কারা উপ মহাপরিদর্শক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
- ০৪। বিভাগীয় নিরীক্ষা ও হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ০৫। বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ, ময়মনসিংহ।
- ০৬। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৭। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ০৮। নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ।
- ০৯। উপ-পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ১০। জেলা তথ্য অফিস, ময়মনসিংহ।
- ১১। নোটিশ বোর্ড, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার।
- ১২। কারারক্ষি নং- ১৩১২৬ মোঃ আঃ আলীম (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

সদয় জ্ঞাতার্থে :

- ১। কারা মহাপরিদর্শক, কারা কার্যালয়, ঢাকা।
- ২। কারা উপ মহাপরিদর্শক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।